# দেবহাটা উপজেলা পরিষদের মে/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

## (সভা নং-০৫/২০২২)

www.debhata.satkhira.gov.bd

সভাপতি : জনাব আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

তারিখ : ১৭ মে ২০২২, মঙ্গলবার

সময় : বেলা ১২:০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দেবহাটা, সাতক্ষীরা।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান এবং দিনের কর্মসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয় ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত এপ্রিল/২০২২ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদনের জন্য প্রস্তাব রাখা হয়। | এপ্রিল/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা । |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ বিধিমোতাবেক নিয়মিতভাবে সভা আহ্বান করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য সচিবগণ এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | **উপজেলা প্রকৌশল দপ্তর** | | | |
| | সংশোধনী | এডিপি ২০২১-২২ এর আওতায়<br>ক) নাংলা বাজার জামে মসজিদের টয়লেট নির্মাণের পরিবর্তে টয়লেটের সেপটিক ট্যাংকী করার জন্য মসজিদ কর্তৃপক্ষ অনুরোধ করেছেন।<br>খ) রাজস্ব উদ্বৃত্তের আওতায় কুলিয়া ইউনিয়নে ০৭ নং ওয়ার্ডে আশ্রয়ন প্রকল্পের মুখ হতে মহিলা ভাইস চেয়ারম্যানের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং করণের স্থলে খাল কাটার কাজ করা হবে মর্মে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উক্ত স্কীমের পরিবর্তে একই বরাদ্দে পারুলিয়া ইউনিয়নে দঃ কোমরপুর আমিনিয়া দাখিল মাদ্রাসার নিকট হতে মুক্তার বাড়ি অভিমুখে পুকুরে প্যালাসাইডিং করণের জন্য অনুরোধ করেছেন।<br>গ) রাজস্ব উদ্বৃত্তের আওতায় হাদিপুর মসজিদের টয়লেট নির্মাণ প্রকল্পটি মসজিদ কমিটি কর্তৃক ইতোপূর্বে বাস্তবায়ন করা হয়েছে। বিধায় উক্ত স্কীমটির পরিবর্তে দেবহাটা বি,বি,এম,পি ইন্সটিটিউশান এর সাইকেল সেড নির্মাণ (একই বরাদ্দে) কাজ বাস্তবায়ন করা যেতে পারে।<br>ঘ) শিমুলিয়া মোসলেম গাজীর বাড়ি হতে গোলাম গাজীর বাড়ি অভিমুখে রাস্তা সোলিং করণ স্কীমটি জমিজমা সংক্রান্ত জটিলতার প্রেক্ষীতে কামটা হবি মাষ্টারের বাড়ির পার্শ্বে অসমাপ্ত রাস্তা সোলিং করণের জন্য সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী প্রস্তাব রাখেন। | বিস্তারিত আলোচনান্তে উল্লেখ্য সংশোধনীগুলো অনুমোদন ও জরুরীভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| | ইউএনও এর বাসভবন ও সোনালী ব্যাংক মেরামত | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ইউএনও এর বাসভবন ও সোনালী ব্যাংক জরুরী মেরামত প্রয়োজন। এ বিষয়ে পূর্বের সভায় আলোচনা করা হয়েছে। কিন্তু, কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত নির্ধারণ করা হয় নাই। এ বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব খাতের আওতায় উক্ত স্কীমের RFQ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | টয়লেট পরিস্কার | উপজেলা পরিষদের UTDC ভবনের টয়লেট সুইপার দিয়ে পরিস্কার করানো হয়েছে। যার মজুরী ও আনুসাংগিক খরচ বাবদ ব্যয় ১,৭০০/- টাকা। ব্যয় অনুমোদন প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে ব্যয় অনুমোদন ও পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা- খাদ্যশস্য/নগদ অর্থ) কর্মসূচীর আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে মোট ০৬টি প্রকল্পের অনুকূলে ১৮,৮৯,৭৩১/- ও খাদ্যশস্য ৩৯.৯৮৬ মেঃটন চাল ও ৩৯.৯৮৬ মেঃ টন গম বরাদ্দ পাওয়া যায় এবং প্রকল্পের বিপরীতে প্রকল্প সভাপতিদের অনুকূলে ১০০% বিলের টাকা ও খাদ্যশস্য ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা- খাদ্যশস্য/নগদ অর্থ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ ১ম পর্যায়ে মোট ২১টি প্রকল্পের অনুকূলে ২৯,৬১,৬০৬/৩১ ও খাদ্যশস্য ৬২.৬৬৬৭ মেঃটন চাল ও ৬২.৬৬৬৭ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায় এবং প্রকল্পের বিপরীতে প্রকল্প সভাপতিদের অনুকূলে ১০০% বিলের টাকা ও খাদ্যশস্য ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%।<br>৩। ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে নির্বাচনী এলাকায় দেবহাটা উপজেলায় ২২টি প্রকল্পের বিপরীতে ১২,৩৯,৪১৬/- টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্পের বিপরীতে প্রকল্প সভাপতিদের অনুকূলে ১০০% অর্থ ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%।<br>০৪। ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে ২৩টি প্রকল্পের বিপরীতে ১৭,৩৪,৩৪৪/৭৮ টাকার উপ-বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প সভাপতিদের অনুকূলে ১০০% অর্থ ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%।<br>০৫। ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশ্য/নগদ অর্থ) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে মোট ২৮,৩২,০০০/- টাকার মধ্যে ৭,০৮,০০০/- টাকার ০১টি ও খাদ্যশস্য ৩৭.৮০০ মেঃ টন চালের মধ্যে ৯.৪৫০ মেঃ টন চালের ০১টিসহ মোট ০২টি প্রকল্পের বরাদ্দ পাওয়া যায়। চুড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br>৬। ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা-খাদ্যশ্য/নগদ অর্থ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ২য় পর্যায়ে মোট ১১,১১,৮৫০/১৬ টাকা ও খাদ্যশস্য ১৪.৮০৯২ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া যায়। প্রকল্পের সংখ্যা ১১টি যা চুড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br>৭। ২০২১-২২ অর্থবছরে গ্রামীন অবকঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) নির্বাচনী এলাকাভিত্তিক ২য় পর্যায়ে নির্বাচনী এলাকায় সর্বমোট ৯৯,১৫,৩৩৩/৩৩ টাকার মধ্যে দেবহাটা উপজেলায় ২৪,৭৮,৮৩৩/- টাকার বরাদ্দের বিপরীতে ৪১টি প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্প সভাপতিদের অনুকূলে ৫০% অর্থ ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৩০%।<br>৮। ২০২১-২২ অর্থবছরে গ্রামীন অবকঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায়ে ৩৪,৬৮,৬৮৯/৫৭ টাকার বরাদ্দের বিপরীতে ৫১টি প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্প সভাপতিদের অনুকূলে ৫০% অর্থ ছাড় করা হয়েছে। কাজের অগ্রগতি ৩৫%।<br>৯। ২০২১-২২ অর্থবছরে গ্রামীন অবকঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) উপজেলা পরিষদ ওয়ারী সাধারণ ৩য় পর্যায়ে মোট ৯,৩৫,৭৯৭/৫৪ টাকার বরাদ্দ পাওয়া যায়। প্রকল্পের সংখ্যা ১২টি যা চুড়ান্ত | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br>১০। মুজিব শতবর্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর আওতায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পে দেবহাটা উপজেলায় ১১ জন বীর মুক্তিযোদ্ধার গৃহ নির্মানের ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যক্রম চলমান আছে।<br>১১। মুজিব শতবর্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর আওতায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের ২য় পর্যায়ে দেবহাটা উপজেলায় ১৩ জন বীর মুক্তিযোদ্ধার গৃহ নির্মানের জন্য বরাদ্দ পাওয়া গেছে। নোয়া ও কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।<br>১২। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিংবোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের আওতায় দেবহাটা ম্যানগ্রোভ পর্যটন কেন্দ্রের ০১টি প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। কাজ চলমান আছে। কাজের অগ্রগিত ৬০%।<br>১৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিংবোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের আওতায় গড়িয়াডাংগা সামাদের বাড়ির পাশে একটি প্রকল্প বরাদ্দ পাওয়া গেছে। কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ২৫%।<br>১৪। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট শীর্ষক প্রকল্পের আওতায় কুলিয়া রঘুনাথপুর গ্রামের টিকেট খালের উপর ০১টি সেতুর বরাদ্দ পাওয়া গেছে। কাজ চলমান আছে, কাজের অগ্রগতি ৩৫%।<br>১৫। ২০২১-২২ অর্থ বছরে ৩য় পর্যায়ে দেবহাটা উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে বিতরণের জন্য ০৫টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে এবং পরবর্তীতে আরও ২০টি গৃহের বরাদ্দ পাওয়া গেছে। ৩য় পর্যায়ে ৩৩টি গৃহের বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্পের কাজ চলমান রয়েছে।<br>১৬। ২০২১-২২ অর্থবছরের ঈদুল ফিতর উপলক্ষ্যে কর্মসূচির আওতায় দেবহাটা উপজেলায় ২৩৫২ টি কার্ডের বিপরীতে ২৩.৫২০ মেঃ টন চালের বরাদ্দ পাওয়া গেছে। চাল বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>১৭। কোভিড-১৯ এ দুঃস্থ অসহায় ও কর্মহীন পরিবারের মাঝে ৩৩৩ তে কল প্রদানকারীদের জন্য ১০,০০,০০০/- টাকা ও ১৫ মেঃটন চাল বরাদ্দ পাওয়া গেছে এবং প্রাকৃতিক দূর্যোগে অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে নগদ অর্থ এবং খাদ্য সহায়তা বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, ২৩ হতে ২৯ এপ্রিল পর্যন্ত পুষ্টি সপ্তাহ সফলভাবে পালন করা হয়েছে।<br>কমিউনিটি ক্লিনিকে ১০৬৮৭ জন এবং হাসপাতাল বহিঃ বিভাগে ২৪২৬ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। জরুরী বিভাগে ভর্তির মাধ্যমে অন্তঃ বিভাগে ২০৭ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া প্রসুতি সেবা ও ভিডিও কনফারেন্স এর মাধ্যমে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়েছে।<br>বর্তমানে ১৪/০৫/২০২২ তারিখ পর্যন্ত টিকা প্রাপ্তী ২,০৭,২০৩ তন্মধ্যে প্রথম ডোজ গ্রহণের সংখ্যা ১,০৩,৪১৪ জন, ২য় ডোজ গ্রহণের সংখ্যা ৯০,৪৬৩ জন এবং ৩য় ডোজ গ্রহণের সংখ্যা ১০,১৫১ জন।<br>০১/০১/২০২১ হতে ৩০/১২/২০২১ তারিখ পর্যন্ত মোট যক্ষা রোগীর সংখ্যা ৩০১ জন। তন্মধ্যে সুস্থ্য ২৮০ জন এবং চিকিৎসাধীন ২১ জন।<br>এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিপ-১ মৌসুমে আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রনোদনা কর্মসূচীর আওতায় বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার ৫০০ জন কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে এবং বীজ বপন কার্যক্রম চলমান রয়েছে। খরিপ-১ মৌসুমে ১২৫ হেঃ সবজী, ২০ হেঃ পাট ০১ তিল, হলুদ ০২হেঃ আবাদ সম্পন্ন হয়েছে। বাড়িতে গত কম্পোষ্ট স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>বোরো ধানের হাইব্রিড ২৮০০ ও উফসী ৩১২০ হেঃ মোট ৫৯২০ হেঃ এর মধ্যে ৫৭৪০ হেক্টর বোরো ধানের কর্তন সম্পন্ন হয়েছে। আম এবং অন্যান্য ফল সংগ্রহ, বাছাই, প্যাকিং ও সংরক্ষণ পদ্ধতি কৃষকদের অনুসরণ করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে।<br>উচ্চমূল্যের ফসল হিসাবে পান চাষ বৃদ্ধির জন্য সখিপুর ও নওয়াপাড়া ইউনিয়নের কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। পানের রোগ দমনের জন্য চুন ও তুতের সমন্বয়ে বোর্দোমিশ্রন তৈরি করে কৃষকদের ব্যবহারের পরামর্শ দেয়া হয়েছে। ক্ষতিকারক কীটনাশক মুক্ত শাকসবজী ও ফলমূল উৎপাদনের কলাকৌশল ও মাঠ পর্যায়ে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে।<br>আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে কৃষক যাতে সহজে নিরাপদে ফসল ঘরে তুলতে পারে সে জন্য কৃষিকে যান্ত্রিকীকরণের মাধ্যমে রিপার যন্ত্র দ্বারা ধান কর্তন, মাড়াই, ঝাড়াই  করতে কৃষক পর্যায়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>উপজেলায় সারের মজুদ সন্তোষজনক। ইউরিয়া ৬৫ মেঃটন, টিএসপি ১০ মেঃ টন, ডিএপি ৩০ মেঃ টন, এমওপি ০৯ মেঃটন, এনপিকে ০২ মেঃ টন, জিপসাম ০৩ মেঃ টন, দস্তা ০২ মেঃ টন মজুদ রয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, দেবহাটা। |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দেবহাটা উপজেলার কুলিয়া মাছ বাজারে ও পারুলিয়া মাছ বাজারে ফরমালিনের উপস্থিতি সনাক্তকরণের জন্য ফরমালিন পরীক্ষা করা হয়। পরীক্ষায় ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি।<br>বিগত মাসে মাটি ও পানি পরীক্ষা করে (মাটির $P^H$ এবং পানির $P^H$, অক্সিজেন, লবণাক্ততা, $NH_3$, তাপমাত্রা ও হার্ডনেস) ২৫ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেবহাটা। |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ০৯ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ১০ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত ভাতাভোগীদের অনুমোদন প্রয়োজন। এছাড়া উপজেলা রোগী কল্যাণ সমিতির অর্থ খরচ সংক্রান্ত নতুন নির্দেশনাগুলো আলোচনা করেন। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দেবহাটা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ইউনিক আইডি প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল ও ডেটাবেজ প্রণয়নের কাজ চলমান আছে। ২০/০৫/২০২২ পর্যন্ত এ কার্যক্রমের মেয়াদ বাড়ানো হয়েছে।<br>২। মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জুলাই-ডিসেম্বর/২০২১ কিস্তির উপবৃত্তির অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীর একাউন্টে প্রেরণ করা হয়েছে। এছাড়া উপবৃত্তির কর্মসূচির আওতায় ২০২২ নতুন ভর্তিকৃত ৬ষ্ঠ শ্রেণি এবং ২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির উপবৃত্তির যোগ্য শিক্ষার্থীর নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে।<br>জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৮/০৫/২০২২ দেশব্যাপী সকল উপজেলার সঙ্গে সংগতি বজায় রেখে অত্র উপজেলায়ও প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। নীতিমালা | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দেবহাটা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুযায়ী ৪টি গ্রুপ থেকে ১৫টি ইভেন্টে মোট ৬০ জন শিক্ষার্থী উপজেলা পর্যায়ে বিজয়ী নির্বাচিত হবেন। তাছাড়া বিভিন্ন পর্যায়ে বিশেষ অর্জন ব্যক্তি পর্যায়ে ১৫ জন, ৪ জন শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, ৪ জন শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক, ৪টি শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, ৪ জন শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচিত হবেন। | | |
| ১২ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফলিজাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২২ ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে ০৪/০৬/২০২২ থেকে ২৩/০৬/২০২২ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এছাড়া উপবৃত্তির তথ্য এন্ট্রির কাজ ২৩/০৫/২০২২ থেকে ২৯/০৫/২০২২ পর্যন্ত চলমান থাকবে।<br>তিনি সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানান যে, পারুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের ত্রুটিসমূহ সমাধান করা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ভবনের ত্রুটিসমূহ মেরামতের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেবহাটা। |
| ১৪ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি জানান যে, সমবায় বিভাগের মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৩২টি। মার্চ/২০২২ মাসে সমবায় সমিতি নিবন্ধন হয়েছে ০৪টি। ২০২০-২১ অর্থ বছরে নিরীক্ষাযোগ্য সমিতির সংখ্যা ১১০টি যা অডিট অফিসার কর্তৃক বিগত মাস পর্যন্ত ১১০টি সমিতির নিরীক্ষা সম্পন্ন হয়েছে।<br>২০১৯-২০ অর্থ বছরে সরকারি রাজস্ব অডিট ফি ধার্য হয়েছে ১,৪৭,১৪০/- টাকা এবং সিডিএফ ধার্য হয়েছে ১,১০,৮৫০/- টাকা যা ইতিমধ্যে ১০০% আদায় করা হয়েছে।<br>অত্র উপজেলায় সমবায়ীদের সৃষ্টি নিজস্ব তহবিলের পরিমাণ ২,৯২,৪৫,৭৮০/- টাকা।<br>মার্চ/২০২২ মাসে বিভিন্ন সমবায় সমিতির ২৫ জন বেকার সদস্যদের ১টি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এপ্রিল/২২ মাসে ২টি সমবায় সমিতির ০৪ জন সদস্যকে কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, বয়রা খুলনায় পাঠানো হয়েছে। এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় কর্মকর্তা, দেবহাটা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২১-২২ অর্থবছরে প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা ৪২০ জন। অগ্রগতি ৪২০ জন। চলতি মাসে ১টি ব্যাচে ৩০ জনের প্রশিক্ষণ চলমান আছে।<br>ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৩,০০,০০০/- টাকা। চলতি মে/২২ মাসে ঋণ বিতরণ হয়নি। এ পর্যন্ত বিতরণের পরিমাণ ২৫,২০,০০০/- টাকা। ঋণ আদায় চলমান আছে। এছাড়া দাপ্তররিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৬ | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পন্ন করার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা কে অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, দেবহাটা। |
| ১৭ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দেবহাটা সভায় জানান যে, সমগ্র বাংলাদেশ নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে উপজেলায় ১৮টি কমিউনিটি ভিত্তিক টিএসপি বরাদ্দ আছে যার মধ্যে ০৯টি সাইট পাওয়া গিয়েছে। এছাড়া PEDP-4 প্রকল্পের ০৫টি ও NNGPS প্রকল্পের আওতায় ২টি ওয়াশ ব্লকের ৮০% কাজ অগ্রগতি হয়েছে। অফিস বিল্ডিং এর কাজের ৭৫% অগ্রগতি হয়েছে। মুজিব বর্ষের ঘরে পানির উৎস স্থাপনের কাজ ৭০% অগ্রগতি। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, দেবহাটাকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রন কর্মকর্তা সভায় জানান যে, পারুলিয়া সরকারি খাদ্য গুদামে ৫৬৭.৩১২ মেঃ টন চাল মজুদ আছে। অত্র উপজেলায় বোরো ধান ও বোরো চাল সংগ্রহ/২০২১-২২ মৌসুমে ৭৬৭ মেঃ টন ধান এবং ৫৮১ মেঃ টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। ধান ও চাল সংগ্রহের বিভিন্ন কার্যক্রম চলছে। প্রতি কেজি ধানের মূল্য ২৭/-(সাতাশ) টাকা এবং প্রতি কেজি চালের মূল্য ৪০/-(চল্লিশ) টাকা। এ পর্যন্ত বোরো ধান সংগ্রহ ৩৬ মেঃ টন এবং চাল সংগ্রহ ৩০ মেঃ টন। এ ছাড়া বিভিন্ন খাতে খাদ্য শস্য বিলিবিতরণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, দেবহাটা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দেবহাটা। |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল সম্পন্ন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা। |
| ২১ | বিবিধ | **ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মার্চ/২০২২ হতে এপ্রিল/২০২২ মাস পর্যন্ত ০২ মাসের ভ্রমন ভাতা বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয় মার্চ/২০২২ হতে এপ্রিল/২০২২ মাস পর্যন্ত ০২ মাসের ভ্রমন সূচি ও দৈনিক ভাতা বিল দাখিল করেছেন। দাখিলকৃত ভ্রমনসূচি অনুযায়ী মার্চ/২২ হতে এপ্রিল/২২ মাস পর্যন্ত ২ মাসের উপজেলা চেয়ারম্যানের ১৯ দিনের দৈনিক ভাতা=১১,৮৭৫/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয়ের প্রত্যেকের ১৭ দিনের দৈনিক ভাতা= ৭,৫০০/- টাকা। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং ভ্রমনসুচি অনুমোদনপূর্বক দৈনিক ভাতা প্রদানের জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ধ) মোতাবেক চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মার্চ/২২ এবং এপ্রিল/২২ মাসের ভ্রমন ভাতা প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **খ) ইউজিডিপি এর কার্যক্রম সংক্রান্ত :**<br>উপজেলা প্রকৌশলী জনাব শোভন সরকার সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের ২০১৮-১৯ অর্থবছরের জন্য অনুমোদনকৃত অবকাঠামো উপ-প্রকল্প-প্যাকেজ নং-INF-২০১৮-১৯-৪০৮৭২৫-০১ "সুপেয় পানির জন্য টাউন শ্রীপুর বাজারে R/O প্ল্যান্ট সহ পানির পাইপ লাইন নির্মান" কাজটি নির্মাণ জটিলতার কারনে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। প্রকল্পের জন্য নির্ধারিত স্থানে, মাটির একটু নিচেই প্রয়োজনীয় পাইলিং এর কাজ করা সম্ভব হচ্ছেনা কারন মাটির ০৩ ফিট নিচেই অনেক শক্ত বালি এবং পাথর জাতীয় কিছু দ্রব্যের উপস্থিতির কারনে পাইল কোন ভাবেই তা অতিক্রম করতে পারছেনা বিধায় প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। | সভায় সংশ্লিষ্ট সকলকে নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত কারণে GCC clause এর No 35.1, Release From Performence Security Money ফেরত প্রদান সাপেক্ষে চুক্তি বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **গ) ইউজিডিপি এর ২০২১-২২ প্রশিক্ষণ :**<br>প্রিশক্ষণ সমুহ<br>১. আইসিটি- বেকার যুবক যুবতীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ফ্রিল্যান্সিং (আউট সোর্সিং) বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ।<br>২. মহিলা বিষয়ক- বেকার যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য নকশীকাঁথা তৈরীর দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ<br>৩. নিরাপদভাবে গাড়ী চালানোর জন্য ড্রাইভার ও হেলপারদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ<br>৪. নিরাপদ খাদ্য প্রক্রিয়াজাতকরন ও বাজারজাতকরন বিষয়ক কৃষকদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ<br>৫. পল্লী চিকিৎসকদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ<br>৬. নিরাপদ খাবার রান্না ও পরিবেশনার জন্য হোটেল বাবুর্চী ও বয়দের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ<br>৭. টেকসই ভবন নির্মাণের জন্য প্লাম্বিং মিস্ত্রিদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ। | | |
| | | **ঘ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ২০১৯-২০ অর্থবছরের কাজের বিল প্রদান সংক্রান্ত :**<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর দ্বারা বাস্তবায়িত "দেবহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা মোকাবেলার জন্য মেডি কেল যন্ত্রপাতি সরবরাহ করা" প্রকল্পটি বাস্তবায়িত সম্পন্ন হয়েছে। যার আইডি নং-INF-2019-20-408725-01 । ঠিকাদার তার চুড়ান্ত বিল প্রদান করেছেন। যার পরিমাণ ৩৯,৬০,০০০/- (উনচল্লিশ লক্ষ ষাট হাজার টাকা) মাত্রা ও নীট প্রদেয় ৩৫,৪৪,২০০/- টাকা। | বিস্তারিত আলোচনান্তে উক্ত কাজের বিল প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **ঙ) পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন বিল প্রদান সংক্রানত :**<br>উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার মেরামত, উপজেলা পরিষদের চেয়ারম্যান অফিস মেরামত এবং আনসার ভিডিপি হোস্টেল নির্মানের জন্য গত ০৫/০৪/২০২২ তারিখে দৈনিক | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ঢ) অনুচ্ছেদ মোতাবেক পত্রিকায় প্রকাশিত | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমকাল, ঢাকা এবং দৈনিক খুলনা টাইমস, খুলনা পত্রিকায় দরপত্র বিজ্ঞাপ্তি প্রকাশ করা হয়। যাহার বিল ভাউচার পাওয়া গেছে।<br>এছাড়া এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত ২০২১-২২ এর আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য গত ০৩/০৩/২০২২ তারিখে দৈনিক পত্রদূত পত্রিকায় এবং দৈনিক ভোরের পাতা পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। যাহার বিল ভাউচার পাওয়া গেছে।<br>১) দৈনিক সমকাল, ঢাকা এর নীট প্রদানকৃত বিলের পরিমাণ ১২,৮২৫/- টাকা, ভ্যাট ২০২৫/- টাকা, আয়কর ৪০৫/- টাকা সারচার্জ ২৭০/- টাকা, মোট বিলের পরিমাণ ১৫,৫২৫/- টাকা।<br>২) দৈনিক খুলনা টাইমস, খুলনা এর নীট বিল ৬,২৭০/- টাকা, ভ্যাট ৯৯০/- টাকা, আয়কর ১৯৮/- টাকা, সারচার্জ ১৩২/- টাকা। মোট বিল ৭,৫৯০/- টাক।<br>৩) দৈনিক পত্রদূত, সাতক্ষীরা এর নীট বিল ৪,৫৬০/- টাকা, ভ্যাট ৭২০/- টাকা, আয়কর ১৪৪/- টাকা, সারচার্জ ৯৬/- টাকা। মোট বিল ৫,৫২০/- টাক।<br>৪) দৈনিক ভোরের পাতা, ঢাকা এর ভ্যাট, আইটি ও সারচার্জসহ মোট বিল ২০,৭০০/- টাকা।<br>বিল গুলো উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় আলোচনা হয়। | দরপত্র বিজ্ঞাপন বিল প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **চ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে আসবাবপত্র ক্রয় সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কিছু আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত খাত হতে মালামাল ক্রয়ের জন্য সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদ উল্লেখিত খাতের বরাদ্দ হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আসবাবপত্র ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার দেবহাটা, সাতক্ষীরা। |
| | | **ছ) উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থবছরের বাজেট অনুমোদন:**<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ৩৮ ধারা এবং উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা ২০১০ এর বিধি ১৪ অনুযায়ী উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থবছরের একটি খসড়া বাজেট প্রস্তুত করা হয়েছে। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বাজেট প্রস্তাবনাগুলি উপস্থাপন করেন। বাজেট প্রস্তাবনাগুলির উপর সাধারণ আলোচনা অনুষ্ঠিত হয় এবং খসড়া বাজেটটি পরিষদ সভায় সর্বসম্মতভাবে অনুমোদনের জন্য সকলে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থবছরের উপস্থাপিত খসড়া বাজেটটি সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং বাজেটের অনুলিপি জেলা প্রশাসক ও স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা। |

অত:পর সভায় আর কোন আলোচানা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আলহাজ্ব মোঃ মুজিবর রহমান
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।

স্মারক নম্বর-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২২- তারিখ: ১৭.০৫.২০২২ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। অধ্যাপক ডাঃআ.ফ.ম রুহুল হক, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩ ও সভাপতি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
০৬। উপজেলা ..................................................কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
০৭। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দেবহাটা, সাতক্ষীরা।
০৮। জনাব ................................................................................সদস্য, উপজেলাপরিষদ সাধারণ সভা, দেবহাটা, সাতক্ষীরা।

১৭/৫/২২

এ.বি.এম খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা।
মোবা: ০১৭৭১-১১২২৪৫
ই-মেইল: unodebhata@mopa.gov.bd